



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫৯২

তারিখ: ২৫/১১/২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। আজ (২৫ নভেম্বর) মঙ্গলবার বেলা ২.৩০টায় কেন্দ্রীয় খেলার মাঠে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়।

ফাইনাল ম্যাচ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ক্রীড়া পরিচালনা কমিটির পরিচালক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন।

প্রধান অতিথি মাননীয় উপাচার্য ড. মোঃ হায়দার আলী বলেন, 'চ্যাম্পিয়ন, রানার্স আপ দুই দলই সমান পারদর্শী, দুই দল খুব ভালো খেলেছে। খেলার মধ্যে খেলোয়াড়দের ধাক্কাধাক্কি হতে পারে তবে সেটা মাঠেই মিমাংসা হবে। এটার জন্য দর্শকরা যাতে মাঠে না নামে এ বিষয়টি সংশ্লিষ্ট সকলে আগামীতে আমরা খেয়াল রাখবো। শাহ সিমেন্টকে ধন্যবাদ এই টুর্নামেন্ট আয়োজনে সহযোগিতা করায়। তাদের কাছে আমরা অনুরোধ করবো, আমাদের মাঠে গ্যালারি নির্মাণে যাতে সহযোগিতা করে।'

প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম বলেন, 'এবার ফুটবল মাঠে যারা বিশৃঙ্খলা করেছে, তাদেরকে আমরা শাস্তির আওতায় এনেছি। সামনের বার থেকে আমরা আরও কঠোর হবো, যাতে কেউ কোনো ঝামেলা না করতে পারে। আজকের চ্যাম্পিয়ন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ অনেক ভালো খেলেছে, সেইসাথে লোকপ্রশাসন বিভাগও অনেক ভালো খেলেছে। সবার জন্য শুভকামনা এবং সবাইকে ধন্যবাদ।'

ক্রীড়া কমিটির পরিচালক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন বলেন, 'আজকে মাঠে অনেক দর্শক উপস্থিত ছিল প্রায় হাজারে কাছাকাছি। অনেক ভালো লেগেছে দেখে, কারণ তরাই খেলার প্রাণ। প্রতিবারের মতো ফুটবল দিয়ে আমরা ক্রীড়া প্রতিযোগিতা শুরু করেছি, আশাকরি সামনে খেলা প্রতিযোগিতাগুলো থাকবে এবং সেখানেও দর্শকরা আসবে। আমি শাহ সিমেন্টকে ধন্যবাদ জানাতে চাই আমাদের এই প্রতিযোগিতায় স্পন্সর করার জন্য। আমাদের কুমিল্লা বিশ্ববিদ্যালয় সবসময় ক্রীড়া ও সংস্কৃতিতে এগিয়ে আছে, আশাকরি সামনে এই ধারা অব্যাহত থাকবে। ফাইনালের দুটি দলই ভালো খেলেছে তাদের অভিনন্দন। আমি সবসময় একটা কথা বলি ছাত্র থাকবে মাঠে এবং পাঠে, তবেই বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে।'

উল্লেখ্য, আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার ২০২৫ এর ফাইনাল ম্যাচে লোকপ্রশাসন বিভাগকে টাইব্রেকারে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ। এ নিয়ে টানা দ্বিতীয়বার শিরোপা জিতল বিভাগটি।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি